# নির্বাচন শান্তিপূর্ণ করতে সব প্রস্তুতি এগোচ্ছে: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচনে শান্তিপূর্ণ, অংশগ্রহণমূলক ও গ্রহণযোগ্য পরিবেশ নিশ্চিত করতে সরকার সর্বাত্মক প্রস্তুতি নিচ্ছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী।

আজ সোমবার (৮ ডিসেম্বর) সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা কমিটির বৈঠক শেষে তিনি এসব কথা বলেন।

উপদেষ্টা জানান, নির্বাচনের প্রস্তুতি সন্তোষজনকভাবে এগোচ্ছে। বিভিন্ন বাহিনীর প্রশিক্ষণ কার্যক্রম ইতোমধ্যে চলমান রয়েছে এবং জানুয়ারির মধ্যেই তা সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে। তিনি বলেন, ভোটকে উৎসবমুখর করতে প্রযুক্তিগত ব্যবস্থাও বাড়ানো হচ্ছে— আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা বডি ক্যামেরা ব্যবহার করবেন এবং প্রতিটি কেন্দ্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হবে।

LENS ASIA

তিনি বলেন, “নির্বাচনের আগে অপরাধ একেবারে থেমে যাবে—এমন আশা করা ঠিক নয়। এটা কোনো যাদুর মতো বন্ধ হয়ে যাবে না। তবে অপরাধ নিয়ন্ত্রণে সব বাহিনী সতর্ক অবস্থানে থাকবে।”

জাতীয় পার্টির অবস্থান নিয়ে তিনি বলেন, সব রাজনৈতিক দলই মাঠে সক্রিয় থাকতে পারে, কিন্তু কেউ কেউ চাইলে ঘরে বসেও রাজনীতি করতে পারে। তাদের দলীয় অফিসসংক্রান্ত কিছু সমস্যা আছে, যা তারা নিজেরাই সমাধান করবে।

রংপুরে মুক্তিযোদ্ধা দম্পতি হত্যাকাণ্ডের প্রসঙ্গে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক এবং দায়ীদের খুঁজে বের করতে আইনশৃঙ্খলা বাহিনীকে কঠোর নির্দেশনা দেয়া হয়েছে।